# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/৮১১ তারিখঃ ০৬/১২/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৯২ তম কমিশন সভা অদ্য ০৬/১২/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. সভায় 'অষ্টম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড'-কে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ডে রূপান্তরের উদ্দেশ্যে গত ০৬ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত ইউনিট মালিকগণের বিশেষ সভার প্রস্তাব মোতাবেক উক্ত ফান্ডটিকে মেয়াদি (close-end) মিউচ্যুয়াল ফান্ড হতে বে-মেয়াদি (open-end) মিউচ্যুয়াল ফান্ডে রূপান্তরের আবেদনে অনুমোদন প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

২. Golden Harvest Agro Industries Limited এর ৫০ কোটি টাকার Fully Redeemable Non-convertible Corporate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-Convertible, Unsecured, Fully Redeemable Corporate Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ইন্স্যুরেন্স কোম্পানী, কর্পোরেট এবং উচ্চ সম্পদধারী ব্যাক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, Golden Harvest Agro Industries Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে বর্তমান ব্যবসাকে সম্প্রসারণ করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে May International Trade Services Limited এবং Green Delta Capital Limited কাজ করছে। বন্ডটির Manager to the Issue হিসাবে Alpha Capital Management Limited কাজ করছে।

৩. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ২০০৮ সালে যথাযথ আইন পরিপালন না করে ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিঃ এর স্পন্সর জনাব শামসুল আবেদীন আকন্দ এর ২১,৫০০ টি শেয়ার তাঁর একক হিসাব হতে যৌথ হিসাবে স্থানান্তরের বিষয়টি অনুমোদন করে তৎকালীন Listing Regulations of The Dhaka Stock Exchange Limited এর Regulation 4(2) ভঙ্গ করেছে। এছাড়াও ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, এ বিষয়ে তদন্ত চলাকালে তদন্ত কমিটিকে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি প্রদানে ব্যর্থ হওয়ার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 21(2) ভঙ্গ করেছে।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিঃ এর স্পন্সর জনাব শামছুল আবেদীন আকন্দ এর ২১,৫০০ টি শেয়ার তাঁর একক হিসাব হতে যৌথ হিসাবে স্থানান্তর বিষয়ে তদন্ত চলাকালে তদন্ত কমিটিকে সহায়তা না করে মিস. খালেদা আকন্দ (স্পন্সর) Securities and Exchange Ordinance, 1969 এর Section 21(2) ভঙ্গ করেছে।

উপরোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় কমিশন আজকের সভায় মিস. খালেদা আকন্দ -কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিঃ এর স্পন্সর জনাব শামছুল আবেদীন আকন্দ এর ২১,৫০০ টি শেয়ার তাঁর একক হিসাব হতে যৌথ হিসাবে স্থানান্তর বিষয়ে তদন্ত চলাকালে কোম্পানী কর্তৃক তদন্ত কমিটিকে অসত্য তথ্য প্রদানের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে। এছাড়াও এ বিষয়ে তদন্ত চলাকালে তদন্ত কমিটিকে


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বিভিন্ন সময়ে একই বিষয়ে ভিন্ন ভিন্ন তথ্য প্রদান করে এবং প্রয়োজনীয় সহযোগিতা না করে ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিঃ Securities and Exchange Ordinance, 1969 এর Section 21(2) ভঙ্গ করেছে।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিঃ -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিঃ এর স্পন্সর জনাব শামছুল আবেদীন আকন্দ এর আবেদনের প্রেক্ষিতে এবং যথাযথ তদন্ত ও শুনানী শেষে ২১,৫০০ টি (পূর্বের ২১,৫০০ টি শেয়ার যা বর্তমানে অর্থাৎ ৩১/১০/২০১৬ তারিখ পর্যন্ত ১৫,০৭,৭৭৮ টি শেয়ার) শেয়ার তাঁর একক হিসাব হতে যৌথ হিসাবে স্থানান্তরের বিষয়টি বিধিসম্মত না হওয়ায় ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিঃ এর স্পন্সর জনাব শামছুল আবেদীন আকন্দ এর ২১,৫০০ টি (পূর্বের ২১,৫০০ টি শেয়ার যা বর্তমানে অর্থাৎ ৩১/১০/২০১৬ তারিখ পর্যন্ত ১৫,০৭,৭৭৮ টি শেয়ার) শেয়ার তাঁর একক হিসাবে পুনরায় ফিরিয়ে দেওয়ার (restore) বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পক্ষকে Securities and Exchange Ordinance, 1969 এর Section 20(A) এর অধীনে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. নিম্নলিখিত স্বল্প মূলধনী জেড (Z) ক্যাটাগরীর তালিকাভূক্ত কোম্পানীসমূহের শেয়ার দর স্বল্প সময়ের ব্যবধানে অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছেঃ

i) Rahima Food Corporation Limited;
ii) Fine Foods Limited;
iii) BD. Autocars Ltd.;
iv) Meghna Pet Industries Limited;
v) Meghna Condensed Milk Industries Ltd.;
vi) Zeal Bangla Sugar Mills Limited;
vii) Imam Button Industries Ltd.; and
viii) Shyampur Sugar Mills Ltd.

উল্লেখ্য, উক্ত কোম্পানীসমূহের শেয়ার প্রতি আয় (EPS) ঋণাত্নক। এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় কমিশন, Rahima Food Corporation Limited ছাড়া অন্য ৭টি প্রতিষ্ঠানের মূল্য বৃদ্ধির বিষয়টি খতিয়ে দেখার জন্য জনাব মোঃ গোলাম কিবরিয়া, উপ-পরিচালক এবং জনাব মোহাম্মদ রাকিবুর রহমান, সহকারী পরিচালক এর সমন্বয়ে ০২ (দুই) সদস্যের একটি তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। কমিটি অনতিবিলম্বে এ বিষয়ে তদন্ত প্রতিবেদন দাখিল করবে। আরও উল্লেখ্য Rahima Food Corporation Limited এর অস্বাভাবিক লেনদেন এর মাধ্যমে মূল্য বৃদ্ধির বিষয়টি খতিয়ে দেখার জন্য ইতিপূর্বে গঠিত তদন্ত কমিটি তাদের প্রতিবেদন দাখিল করেছে। যা পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

Rahman
০১/১২/২০১৬

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।